



সূত্র নং- এসইসি/মুখপত্র/২০১১/৩১১

তারিখঃ ০৩/০৪/২০১২ইং


## প্রেস বিজ্ঞপ্তি

৪২৭ তম কমিশন সভা অদ্য ০৩/০৪/২০১২ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১। ৪২০তম কমিশন সভায় সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এর প্রস্তাবিত সংশোধনীর উপর জনমত জরীপের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল। অধ্যকার সভায় জনমত জরীপের প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পরে প্রস্তাবিত সংশোধনীর চূড়ান্ত অনুমোদন দেয়া হয় যা গেজেট আকারে প্রকাশের জন্য বিজি প্রেসে প্রেরণ করা হবে।

২। আজকের সভায় কমিশন, পদ্মা ইসলামী লাইফ ১ম মিউচুয়াল ফান্ড এর খসড়া প্রসপেকটাস দাখিলের সময় ৬ মাস বৃদ্ধি করেছে।

৩। এছাড়াও আজকের সভায় কমিশন পদ্মা ইসলামী লাইফ ইস্যুরেন্স লিঃ এর খসড়া প্রসপেকটাসে কিছু গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ না করে কমিশনে জমা প্রদান করায় পদ্মা ইসলামী লাইফ ইস্যুরেন্স লিঃ এবং ইস্যু ম্যানেজার ইউনিয়ন ক্যাপিটাল লিঃ কে সতর্কপত্র প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। উল্লেখ্য, বর্ণিত গুরুত্বপূর্ণ তথ্যাদি সন্নিবেশনপূর্বক পরবর্তীতে কমিশন পদ্মা ইসলামী লাইফ ইস্যুরেন্স লিঃ এর প্রসপেকটাস অনুমোদন করে।

  
মোঃ সাইফুর রহমান  
নির্বাহী পরিচালক ও মুখপাত্র